# সেকশন - ১

## উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হাজীগঞ্জ, চাঁদপুর এর রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্পঃ (Vision)

বাংলাদেশের জনসংখ্যাকে পরিকল্পিত ভাবে উন্নয়ন ও নিয়ন্ত্রণের মাধ্যমে সুস্থ্য, সুখী ও সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ে তোলা।

### ১.২ অভিলক্ষ্যঃ (Mission)

চতুর্থ স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা সেক্টর প্রোগ্রাম এর মাধ্যমে মান সম্মত পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা, প্রজনন স্বাস্থ্য সেবা, বয়: সন্ধিকালীন স্বাস্থ্য সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুকূল পরিবেশ তৈরী করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহঃ(Strategic objectives)

**১.৩.১ পরিবার পরিকল্পনা চট্টগ্রাম বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ**

১. জনসংখ্যা বৃদ্ধির হার হ্রাস ও প্রতিস্থাপনযোগ্য জন উর্বরতা অর্জন;
২. মা, নবজাতক ও শিশুস্বাস্থ্য, কিশোর কিশোরী সেবা নিশ্চিতকরণ;
৩. মানব সম্পদ উন্নয়ন;
৪. মাঠ পর্যায়ে মনিটরিং ও সুপারভিশন কার্যক্রম শক্তিশালীকরণ;
৫. ডিজিটালইজেশন এর মাধ্যমে তথ্য ব্যবস্থাপনায় উন্নয়ন;
৬. পরিকল্পিত পরিবার গঠনে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও উদ্বুদ্ধকরণ;
৭. জন্মনিয়ন্ত্রণ ও প্রজনন স্বাস্থ্য সামগ্রীর নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ
৮. আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ
৯. উদ্ভাবনীমূলক সেবাকে উৎসাহিতকরণ ও **"One office one idea"** শীর্ষক কর্মসূচী বাস্তবায়ন করা; এবং
১০. কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য ও বাল্য বিবাহ রোধে সময় উপযোগী কর্মসূচী গ্রহণ।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ ঃ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন;
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন;
৫. উদ্ভাবনীমূলক কর্মসূচিতে উৎসাহ প্রদান এবং গৃহীত প্রকল্প বাস্তবায়ন দক্ষতা ও নৈতিকতার উন্নয়নে জাতীয় শুদ্ধাচার কৌশলনীতি বাস্তবায়ন করা;
৬. উদ্ভাবনীমূলক কার্যক্রম জোরদারকরণ এবং
৭. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৪ কার্যাবলিঃ (Functions)

১. পরিবার পরিকল্পনা এবং প্রজনন স্বাস্থ্যসেবা সহজলভ্য করে সক্ষম দম্পতিদের কাছে এর প্রাপ্যতা নিশ্চিত করা;
২. সকল সক্ষম দম্পতি বিশেষ করে দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে বাড়ি বাড়ি সেবা ব্যবস্থা অব্যাহত রাখা এবং মাঠ পর্যায় হতে রেফারেল ব্যবস্থা নিশ্চিত করা। এছাড়া ই-প্রজনন তথ্য সেবা প্রচলন করা;
৩. অবহিতকরণ ও স্বেচ্ছায় সম্মতির ভিত্তিতে সকল সক্ষম দম্পতিকে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে উৎসাহ প্রদান করা;
৪. স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সম্পর্কিত তথ্য ও সেবার অপূর্ণ চাহিদা সম্বলিত দম্পতিদের চিহ্নিত করে সেবা প্রদান নিশ্চিত করা;
৫. নব-দম্পতি, কিশোর-কিশোরী ও এক বা দুই সন্তানের দম্পতিদের অগ্রাধিকার ভিত্তিতে পরিবার পরিকল্পনা সেবার আওতায় নিয়ে আসা;
৬. মা ও শিশু কল্যাণ কেন্দ্র, উপজেলা, ইউনিয়ন, কমিউনিটি ক্লিনিক এবং স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে মা শিশু স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;
৭. বেসরকারী সংস্থা ও ব্যক্তি খাতের অংশগ্রহণের মাধ্যমে পরিবার পরিকল্পনা গ্রহীতা সেবা চাহিদা বৃদ্ধিকরণ; এবং
৮. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ বা দিবা-রাত্রি সেবা নিশ্চিত করা।
৯. মাঠ কার্যক্রম পরিচালনা করা (কোভিড-১৯ পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি অনুসরণ করে কার্যক্রম পরিচালনা করা);
১০. বর্তমান বৈশ্বিক মহামারী করোনা পরিস্থিতি বিস্তার রোধে আমাদের দেশে জনসচেতনতা তৈরিতে সহায়তা করা।